

পল্লীকবি জসীম উদ্দীন জাদুঘর ও লোক সাংস্কৃতিক কেন্দ্র দর্শকদের জন্য উন্মুক্তকরণ।

পল্লীকবি জসীম উদ্দীন বাংলাদেশের একজন অন্যতম পথিকৃৎ কবি। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের “সোনার বাংলা” গড়ার কাজে বঙ্গবন্ধুর অন্যতম সহযোগী হিসেবে আমৃত্যু কবি জসীম উদ্দীন তাঁর লেখনির মাধ্যমে কাজ করে গেছেন। নতুন প্রজন্মের কাছে পল্লীকবি জসীম উদ্দীন-এর অবদানকে তুলে ধরার জন্য সরকার কবির নিজ গ্রামে ফরিদপুরের অম্বিকাপুরে “পল্লীকবি জসীম উদ্দীন জাদুঘর ও লোক সাংস্কৃতিক কেন্দ্র” প্রতিষ্ঠা করেছে। এই জাদুঘরটি বাংলাদেশ জাতীয় জাদুঘরের একটি শাখা জাদুঘর। নিদর্শন সংগ্রহ, সংরক্ষণ ও প্রদর্শনীর যাবতীয় কাজ সার্বিকভাবে বাংলাদেশ জাতীয় জাদুঘর কর্তৃক সম্পন্ন করা হয়েছে।

জাদুঘরটি প্রতিষ্ঠার জন্য বাংলাদেশ জাতীয় জাদুঘর ২০০৬ সালে প্রকল্পের মাধ্যমে কাজ শুরু করে। গত পহেলা ডিসেম্বর ২০১৭ তারিখ থেকে জাদুঘরটি দর্শকদের পরিদর্শনের জন্য পরীক্ষামূলকভাবে খুলে দেয়া হয়। জাদুঘর শনিবার থেকে বুধবার সকাল ১০.৩০মিনিট থেকে বিকেল ৫.৩০মিনিট পর্যন্ত এবং শুক্রবার বিকেল ৩ টা থেকে রাত ৮ টা পর্যন্ত দর্শকদের জন্য খোলা থাকবে। বৃহস্পতিবার সাপ্তাহিক ছুটি।

দর্শকবৃন্দ প্রবেশ-টিকিটের বিনিময়ে জাদুঘর পরিদর্শন করতে পারবেন। প্রাপ্তবয়স্ক প্রতিজনের প্রবেশমূল্য ২০/- এবং শিশুদের প্রতিজনের প্রবেশমূল্য ১০/- টাকা নির্ধারণ করা হয়েছে। জাদুঘরটি পরিদর্শনের মধ্যদিয়ে পল্লীকবি জসীম উদ্দীন-এর জীবন ও কীর্তি সম্পর্কে দর্শকগণ সম্যক ধারণা লাভ করবে।